গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ / ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ১৭৩-আইন/২০১১/৫৯৬-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার –

(১) বিধি ৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "চার শতাংশ" শব্দগুলির পরিবর্তে "তিন শতাংশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ১১ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩) সংযোজিত হইবে, যথাঃ-

"(৩) যদি কোন নিবন্ধিত ব্যক্তি বা প্রতিষ্ঠান ফরম "মূসক-৬" এর Serial 8 এ উল্লিখিত ব্যাংক হিসাব নম্বর এর অতিরিক্ত কোন হিসাব ভবিষ্যতে খোলেন, তাহা হইলে উক্ত হিসাব খোলার ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত হিসাব সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।";

(৩) বিধি ১৮খ এবং ১৮গ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৮খ এবং ১৮গ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"১৮খ। উৎসে কর্তিত মূল্য সংযোজন কর এর প্রত্যয়নপত্র।– (১) উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী উৎসে মূল্য সংযোজন কর কর্তনের ১৫ (পনের) দিনের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করিবেন এবং জমা প্রদানের পর পণ্য বা সেবা সরবরাহকারীর অনুকূলে "ফরম মূসক-১২খ" তে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত প্রত্যয়নপত্রের প্রথম অনুলিপি (চালানের ছায়ালিপিসহ) সংশ্লিষ্ট সরবরাহকারীর নিকট ও দ্বিতীয় অনুলিপি (চালানের মূলকপিসহ) সংশ্লিষ্ট মূসক সার্কেল অফিসে প্রেরণ করিবেন এবং তৃতীয় অনুলিপি সংশ্লিষ্ট কর্তনকারী ৬ (ছয়) বছর পর্যন্ত সংরক্ষণ করিবেন।

১৮গ। আমদানি পর্যায়ে মূল্য সংযোজন কর অগ্রিম আদায়।- (১) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের পরবর্তী সরবরাহের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর আমদানি পর্যায়ে অগ্রিম আদায় করা হইবে।

(২) আমদানি পর্যায়ে বোর্ড কর্তৃক সরকারি গেজেটে জারিকৃত প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত ভিত্তিমূল্যের ওপর ৩% হারে অগ্রিম মূল্য সংযোজন কর প্রদেয় হইবে ।

(৩) কোন নিবন্ধিত ব্যক্তি, যাহার আমদানির ওপর অগ্রিম মূল্য সংযোজন কর আদায় করা হইয়াছে, তিনি তাহার দাখিলপত্রের মাধ্যমে বিল অব এন্ট্রির ভিত্তিতে আমদানি পর্যায়ে অগ্রিম পরিশোধকৃত মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট করমেয়াদের মোট প্রদেয় হইতে সমন্বয় করিয়া দাখিলপত্র পেশ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, বিল অব এন্ট্রি না থাকিলে অগ্রিম আদায়কৃত মূল্য সংযোজন কর সমন্বয় করা যাইবে না।

(৪) যে কর মেয়াদে আমদানি পর্যায়ে অগ্রিম মূল্য সংযোজন কর আদায় করা হইয়াছে সেই কর মেয়াদের দাখিলপত্রেই উক্ত কর সমন্বয় করিতে হইবে।

(৫) আমদানী পরবর্তী বিক্রয়কালে মোট বিক্রয় মূল্যের ভিত্তিতে ১৫% হারে প্রদেয় মূল্য সংযোজন কর নিরূপণ করিতে হইবে।";

(৪) বিধি ১৮ঘ বিলুপ্ত হইবে;

(৫) বিধি ১৮ঙ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষ" শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে "সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত, স্থানীয় কর্তৃপক্ষ ও লিমিটেড কোম্পানী" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ২২ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "ইলেকট্রনিক ক্যাশ রেজিস্টার বা কম্পিউটার বা অন্য কোন ইলেকট্রনিক যন্ত্রপাতি" শব্দগুলির পরিবর্তে "ইলেকট্রনিক ক্যাশ রেজিস্টার বা কম্পিউটার বা অন্য কোন ইলেকট্রনিক যন্ত্রপাতি বা সফট্‌ওয়্যার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৭) বিধি ২৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত শর্তাংশের পর নিম্নরূপ নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ–

"তবে আরও শর্ত থাকে যে, কোন বীমা কোম্পানী কর মেয়াদের পরবর্তী মাসের বিশ তারিখের মধ্যে দাখিলপত্র জমা দিতে পারিবে;"

(৮) বিধি ৩৪ক এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(৪) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় পর্যায়ে যে ক্ষেত্রে ফেরত দাবীকৃত অর্থ সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক চলতি হিসাবে সমন্বয়ের বিধান ও সুযোগ রহিয়াছে সেই ক্ষেত্রে উক্তরূপ ফেরত দাবী অনুমোদনযোগ্য হইবে না।";

(৯) বিধি ৪১ক এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ-

"(২) সরবরাহযোগ্য বর্জ্য বা উপজাত পণ্যের করযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে আইনের ধারা ৫ ও বিধি ৩ প্রযোজ্য হইবে।";

(১০) ফরম "মূসক-৬" এর Serial 8 এর শিরোনামে উল্লিখিত "Bank Account No. of Company/Proprietor" শব্দগুলির পরিবর্তে "Bank Account Number of the Company/ Proprietor (If the number of accounts more than one, mention all accounts, Banks and Branches name)" শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(১১) ফরম "মূসক-৯" এ করদাতার জন্য নির্দেশনাবলী এর নির্দেশ-৪ এ উল্লিখিত "১৪ দিনের মধ্যে" সংখ্যা ও শব্দগুলির পরিবর্তে "১৪ দিন পূর্বে" সংখ্যা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১২) ফরম "মূসক-১২খ" এর পরিবর্তে নিম্নরূপ "ফরম মূসক-১২খ" প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"ফরম মূসক-১২খ"
[বিধি ১৮খ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

উৎসে মূসক কর্তনের প্রত্যয়নপত্র

উৎসে মূসক কর্তনকারীর নাম ঃ .... ব্যবসায়ী সনাক্তকরণ নম্বর (BIN)ঃ
ঠিকানা ঃ.. ইস্যুর তারিখ ঃ ....
মূসক নিবন্ধন নম্বর (যদি থাকে) ঃ...............................
সার্টিফিকেট নম্বর ঃ..

আমি, ..., এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, মূল্য সংযোজন কর (মূসক) আইন ও বিধি অনুযায়ী নিম্নে উল্লিখিত সরবরাহকারীর নিকট হতে উৎসে মূসক কর্তন করা হইয়াছে। বিস্তারিত নিম্নে উল্লেখ করা হইল ঃ

ক্রমিক নং	সরবরাহকারীর নাম ও ঠিকানা	সরবরাহকারীর ব্যবসায়ী সনাক্তকরণ নম্বর	বিলে উল্লিখিত অর্থের পরিমাণ/ মূল্য সংযোজন কর নিরূপণযোগ্য পণ্য বা সেবার মূল্য বা কমিশন	বিল পরিশোধের তারিখ	উৎসে কর্তিত মূসকের পরিমাণ (অংকে)	ট্রেজারিতে/ অনলাইনে কর জমা প্রদানের/বুক ট্রান্সফারের চালান/ রিসিপ্ট/ সনদ নং ও তারিখ	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)

আমি (নাম ও পদবী) --, সজ্ঞানে ও সঠিকভাবে উপরি-উল্লিখিত তথ্য প্রদান করিলাম।

নাম, পদবী ও স্বাক্ষর

সংযুক্তি ঃ ট্রেজারি চালানের কপি/অনলাইনে কর জমা প্রদানের রিসিপ্ট/বুক ট্রান্সফারের সনদ।

প্রাপক ঃ

ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী
মেসার্স ....
ঠিকানা ও মূসক নিবন্ধন নং ....

অনুলিপিঃ

কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (উঃ)/ঢাকা(দঃ)/চট্টগ্রাম/খুলনা/যশোর/রাজশাহী/সিলেট
ঠিকানা ঃ .... ”

(১৩) ফরম “মূসক-১৮ক” বিলুপ্ত হইবে;

(১৪) ফরম “মূসক-১৯” এর ক্রমিক নং ১২ এ উল্লিখিত “রেয়াত/পাওনা/উৎসে কর্তন” শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে “রেয়াত/পাওনা/উৎসে কর্তন/আমদানি পর্যায়ে অগ্রিম মূসক পরিশোধ” শব্দ ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে এবং ফরম “মূসক-১৯” পূরণের নির্দেশিকার ক্রমিক ১২ এর বিপরীতে কলাম ২ এ উল্লিখিত “রেয়াত/পাওনা/উৎসে কর্তন” শব্দ ও চিহ্নগুলির পর “রেয়াত/পাওনা/আমদানি পর্যায়ে অগ্রিম মূসক পরিশোধ” শব্দ ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ড. মোঃ সহিদুল ইসলাম]
প্রথম সচিব (মূসক নীতি ও বাজেট)।